ভোরের কাগজ

তারিখ ... 11.1.1999
পৃষ্ঠা 7 কলাম 2

# ছাদ থেকে লাফিয়ে ইডেন কলেজ ছাত্রীর আত্মহত্যার চেষ্টা

কাগজ প্রতিবেদক : ইডেন কলেজের একাডেমি ভবন থেকে পড়ে তাহেরা আক্তার মনিরা নামে এক ছাত্রী মারাত্মক আহত হয়েছে। একটি সূত্র মতে চার তলার ছাদ থেকে, অপর সূত্র মতে তিন তলার বারান্দা থেকে সে লাফিয়ে পড়ে। তাকে আশঙ্কাজনক অবস্থায় পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয়েছে। মনিরা আত্মহত্যার চেষ্টা চালিয়েছিল বলে কলেজ সূত্র জানায়।

মনিরার বান্ধবী নাজমা ভোরের কাগজকে জানায়, বেলা আনুমানিক ২টার দিকে কলেজে মনিরাসহ চার বান্ধবী একসঙ্গে আড্ডা মারছিল। আড্ডার এক পর্যায়ে মনিরা একাডেমি ভবনের সিঁড়ি বেয়ে উপরে উঠে যায়। এর পরপরই হঠাৎ পতনের শব্দে তারা দৌড়ে গিয়ে রক্তাক্ত অবস্থায় মনিরাকে মাটিতে পড়ে থাকতে দেখে।

ইডেন কলেজের অধ্যক্ষা ড. আয়েশা খাতুন ভোরের কাগজকে বলেন, খবর পেয়ে তিনি দ্রুত ঘটনাস্থলে আসেন এবং মনিরাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। মনিরার কাছে একটি চিরকুট পাওয়া গেছে যাতে লেখা ছিল, 'আমি ধীরে ধীরে মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছি'। চিরকুটটি পুলিশকে দেওয়া হয়েছে বলে তিনি জানান।

মনিরা মনোবিজ্ঞান বিভাগের শেষ বর্ষের ছাত্রী।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ২

## ইডেনে ছাত্রীর আত্মহত্যা

● প্রথম পাতার পর

নাম প্রকাশে অনিচ্ছুক তার এক ঘনিষ্ঠ বান্ধবী জানায়, মনিরার সঙ্গে বাবু নামে এক যুবকের সম্পর্ক ছিল। সম্প্রতি তাদের মধ্যে বিরোধ দেখা দেওয়ায় সে এই ঘটনা ঘটায়।

মনিরা মিরপুরের দক্ষিণ পাইকপাড়ায় তার বোনের বাসায় থাকতো। তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে পঙ্গু হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। তার শরীরের বিভিন্ন অংশ কেটে গিয়ে প্রচুর রক্তক্ষরণ হয়েছে এবং বেশ কয়েকটি হাড় ভেঙে গেছে।